



An Enterprise of BPDB

## ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (ওজোপাডিকো)

WEST ZONE POWER DISTRIBUTION COMPANY LIMITED (WZPDCL)

স্মারক নং- ২৭.২২.৪৭৮৫.০০৫.৮৬.০১৪.২২.১৫২৯

তারিখঃ ০৬.১০.২০২২ খ্রিঃ

সকল দপ্তর প্রধান  
ওজোপাডিকো।

### বিষয়ঃ সিপিএফ ও গ্রাচুয়িটির পাওনা পরিশোধ প্রসঙ্গ।

ওজোপাডিকো'র এমপ্লয়ীগণ যে দপ্তরে পদস্থ থাকেন সে দপ্তরের সংস্থাপন ব্যাংক হিসাব যে ব্যাংকে পরিচালিত হয় সেই ব্যাংকেই এমপ্লয়ীর ব্যাংক হিসাব থাকে এবং ঐ ব্যাংক হিসাবের মাধ্যমেই তাঁর বেতন-ভাতা পরিশোধ করা হয়। এমপ্লয়ী যে দপ্তর হতে অবসর গ্রহন করেন সে দপ্তর হতেই তাঁর চূড়ান্ত পাওনা পরিশোধের নথি প্রক্রিয়াকরণ শুরু হয়। লক্ষ্য করা গেছে এমপ্লয়ী যে দপ্তর হতে অবসর গ্রহন করেন এবং যে ব্যাংক হিসাবের মাধ্যমে সর্বশেষ বেতন-ভাতা গ্রহন করেছেন সে ব্যাংক হিসাবের পরিবর্তে অন্য ব্যাংক হিসাবের মাধ্যমে গ্রাচুয়িটি, সিপিএফ ইত্যাদির চূড়ান্ত পাওনা প্রাপ্তির জন্য আবেদন করেন। ফলে এ ব্যাংক হিসাবের বিষয়ে এমপ্লয়ীর দপ্তর বা আঞ্চলিক হিসাব দপ্তর অবগত থাকে না। এমতাবস্থায়, অবসর গ্রহনকারী এমপ্লয়ী সর্বশেষ যে ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন-ভাতা গ্রহন করেছেন সে ব্যাংক হিসাবের মাধ্যমেই চূড়ান্ত পাওনা পরিশোধের লক্ষ্যে চূড়ান্ত পাওনা পরিশোধের আবেদনের সাথে সে ব্যাংক হিসাবের MICR চেকের পাতার দপ্তর প্রধানের সত্যায়িত কপি সংযুক্ত করতে অনুরোধ করা হলো।

উল্লেখ্য, এমপ্লয়ী মৃত্যুবরণ করলে তাঁর নমিনি/ উত্তরাধীকারী-কে পাওনা পরিশোধের ক্ষেত্রে স্মারক নং- ২৭.২২.৪৭৮৫.০০৫.৮৬.০০১.২২.৬১৯ তারিখঃ ১৬.০২.২০২২ খ্রিঃ মোতাবেক জারীকৃত পত্রের নির্দেশনা অনুসরণ করতে হবে।

এ এন এম মোস্তাফিজুর রহমান  
মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ)

অবগতির জন্য অনুলিপিঃ

- ১। নির্বাহী পরিচালক (অর্থ/ প্রকৌশল), ওজোপাডিকো।
- ২। ব্যবস্থাপক (হিসাব), সেন্ট্রাল একাউন্টস, ওজোপাডিকো।
- ৩। সহকারী হিসাব রক্ষক (সি পি এফ শাখা), সেন্ট্রাল একাউন্টস, ওজোপাডিকো।
- ৪। দপ্তর কপি।